# ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের অক্টোবর/২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **জনাব আশরাফ হোসাইন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ ২৬/১০/২৩ **খ্রিস্টাব্দ, সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।**

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত সরকারি বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশল অফিস ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।**<br><br>এছাড়া ২০২২-২০২৩ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় ১ম কিস্তিতে ২০.৯৮ লক্ষ টাকা এবং ২য় কিস্তিতে ২০.৯৮ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। সে হিসেবে ৩য় ও ৪র্থ কিস্তিসহ মোট ৮৩.৯২ লক্ষ টাকা বরাদ্দ ধরে এডিপি এর আওতায় প্রকল্প সমূহ যাচাই বাছাই করে চূড়ান্ত করা হয়। অনুমোদিত স্কীমের তালিকা (পরিশিষ্ট-গ)। | সভায় বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(১) সভায় বিস্তারিত আলোচনান্তে দ্রুত অনুমোদিত স্কীমসমূহের প্রাক্কলন প্রস্তুত পূর্বক e-GP এর মাধ্যমে LTM Method অনুসরন পূর্বক Tender প্রক্রিয়া শুরু করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ২ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভাকে জানান উপ-সহকারী কৃষি কর্মকর্তাগন বিভিন্ন ফসলের আধুনিক প্রযুক্তি সম্পর্কে পরামর্শ দিয়ে যাচ্ছেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। **এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, **দপুনিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রাঙ্গনে বেশ কয়েকটি বড় ও পুরনো গাছ রয়েছে। গত ১৭/০৫/২০২৩খ্রিঃ তারিখ সকালে ঝড়ের কারনে গাছ উপড়ে পাশের জমিতে পড়ে গেছে এবং ১১টি গাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় হেলে আছে। কেন্দ্রের ভবন, কর্মকর্তা-কর্মচারী এবং সেবা গ্রহীতাদের নিরাপত্তার জন্য এই গাছগুলো সরিয়ে নেয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, সদর, ময়মনসিংহ, পরিবার পরিকল্পনা বিভাগ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল |
| ৪ | **উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, **গবাদি পশু, হাঁস-মুরগির টিকা প্রদান উঠান বৈঠক কার্যক্রম ভালভাবে চলছে। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রণিসম্পদ অফিসার, ময়মনসিংহ সদর ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | **উপজেলা মৎস্য অফিস ঃ উপজেলা সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা** সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, ময়মনসিংহ সদর ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা **প্রাথমিক শিক্ষা অফিসার** সভায় জানান যে, উপজেলা পরিষদের পুরাতন অফিসের পিছনে অবস্থিত উপজেলা শিক্ষা অফিসের সম্প্রসারিত ভবনটি জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। বিগত এক মাস পূর্বে অতিবৃষ্টিতে পানি প্রবেশ করে টেবিলের উপর দিয়ে প্রবাহিত হয়। ফলে দেওয়াল গুলো ঝুঁকিপূর্ন ও ব্যবহারের অনুপোযোগী হয়ে | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | পড়েছে। এছাড়া উপজেলা শিক্ষা অফিসে ৯ জন সহকারী শিক্ষা অফিসার কর্মরত আছেন এবং বর্তমান পরিস্থিতে তাদের কেউই সেখানে বসে অফিস করতে পারছেন না। এমতাবস্থায় সম্প্রসারিত ভবনটি সরে জমিন পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | | |
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ভাতার কাজ স্বাভাবিক ভাবে চলছে। **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৮ | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের ঋণ কার্যক্রম, প্রশিক্ষণ, আত্নকর্মসংস্থান সৃজন যুব সংগঠন রেজিস্ট্রেশন সহ সকল কার্যক্রম এপিএর লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হচ্ছে। **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ৯ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, সম্প্রতি অতি বৃষ্টির কারনে উপজেলা মাধ্যমিক শিক্ষ অফিসের অনেক গুরুত্বপূর্ন ফাইল এবং আসবাবপত্র নষ্ঠ হয়ে গেছে । এছাড়া **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১১ | **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১২ | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের পক্ষে এবং ইউনিয়ন পরিষদ এসোসিয়েশন এর সভাপতি ও চেয়ারম্যান সিরতা ইউপি জনাব মো. আবু সাঈদ সভায় জানান যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের কিসমত মৌজায় ব্রহ্মপুত্র নদের উপরে গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী গত ১৯-১০-২০২৩ইং তারিখে “রহমতপুর সেতুর” ভিওি প্রস্তর স্থাপন করেন। আমরা ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের পক্ষ থেকে সেতুটির নাম পরিবর্তন করে “অধ্যক্ষ মাতিউর রহমান সেতু” নামকরন করার প্রস্তাব করছি। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সুপারিশ সহ উপজেলা পরিষদের কার্য বিবরনতে জেলা সমন্বয় সভায় উপস্থাপন সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য যথাযথ কর্তপক্ষের দৃষ্টি আকর্ষনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ ময়মনসিংহ সদর ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৩ | বিবিধ আলোচনা:<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষন পূর্বক বলেন যে তাদের স্ব-স্ব ইউনিয়নে উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে তা সরেজমিনে পরিদর্শন করবেন। উন্নয়ন মূলক কাজে কোন ধরনের ক্রটি পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য অনুরোধ করেন। সভার সকল বিভাগীয় কর্মকর্তাদের অন্যান্য সকল কাজে আন্তরিকতার সহিত কাজ সম্পাদন করার জন্য সকলকে অনুরোধ করা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্ব-স্ব ইউনিয়নের প্রকল্প সমূহ তদারকী করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী ময়মনসিংহ সদর ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৪ | সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণ উপজেলা পরিষদে যে সকল উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে তা সঠিক ভাবে তদারকী করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তাগণকে সঠিক ভাবে দায়িত্ব পালন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা সকল অফিসার, ময়মনসিংহ সদর,উপজেলা প্রকৌশলী/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল ময়মনসিংহ। |

পরিশেষে সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(আশরাফ হোসাইন)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নং ঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২৩-১০৫০(৫০) তারিখ-২৬/১০/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। বেগম রওশন এরশাদ এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৭। উপজেলা.........................................কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৮। জনাব.......................চেয়ারম্যান.....................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৯। জনাব..........................................................................................

১০। অফিস কপি।

**(মোহাম্মদ শফিকুল ইসলাম)**
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।